এন্ড্রয়েড ফোন রুট করার সবচেয়ে সহজ এবং ১০০% নিরাপদ উপায়!

৩ টি পদ্ধতিতে খুব সহজেই মোবাইল রুট করা যায় ।

১. Kingroot এ্যাপ দিয়ে মোবাইলের মাধ্যমে রুট করা।

২. Framaroot এ্যাপ দিয়ে মোবাইলের মাধ্যমে রুট করা।

৩. কম্পিউটারের মাধ্যমে রুট করা।

তৃতীয় পদ্ধতিই নিরাপদ কারণ রুট করা এবং মোবাইল Reset দেওয়ার সময় মোবাইল ভুল চার্য থাকা ভাল আর যদি কোন ক্রমে মোবাইল বন্ধ হয়ে যায় তাহলে মোবাইল ব্রিক করতে পারে।

তাই আপনাদের চাহিদামত কম্পিউটার অথবা মোবাইলের মাধ্যমে এন্ড্রয়েড মোবাইল রুট করবেন। যাদের কম্পিউটার কিংবা ল্যাপটপ নেই তারা চাইলে মোবাইলের সাহায্যে রুট করতে পারবেন। আর যাদের কম্পিউটার আছে তারা কম্পিউটার দিয়েই রুট করবেন।

সবার চাহিদার কথা ভেবে আমি আপনাদের জন্য এই তিনটি পদ্ধতি একসাথে শেয়ার করে দিলাম। তবে আমার পরামর্শ হচ্ছে যাদের কম্পিউটার আছে তারা অবশ্যই কম্পিউটার এর মাধ্যমে রুট করে নিবেন। কারণ কম্পিউটার এর মাধ্যমে রুট করা সবচেয়ে সহজ এবং নিরাপদ।

প্রথম পদ্ধতী - **Kingroot** এ্যাপ দিয়ে মোবাইলের মাধ্যমে রুট করা ঃ

এই এ্যাপ দিয়ে মাত্র এক ক্লিক করেই আপনার ফোনটি রুট করতে পারবেন। এটি দিয়ে অনেক আপডেট ভার্সন পর্যন্ত রুট করা সম্ভব। আর Kingroot এর পিসির সফটওয়্যার দিয়ে সব ভার্সন রুট করা যায় তবে পিসির সফটওয়্যারটি চায়না ভাষায় তাই এটা এখানে শেয়ার করলাম না।

প্রথমে এখান থেকে
http://king.myapp.com/myapp/kdown/img/NewKingrootV4.92_C143_B267_en_release_2016_05_30_105203.apk

(4.9.2 Updated) এ্যাপটি ডাউনলোড করে ইনস্টল করুন। (নোটঃ সম্প্রতি এই App টির Developer Team বলছেন এটি দিয়ে এন্ড্রয়েড ২.৩ থেকে শুরু করে সর্বশেষ ভার্সন ৬.১ পর্যন্ত রুট করা যাবে)।

যারা Android 6.0/6.0.1 (Marshmallow) রুট করতে চান তারা নিচের নতুন এ্যাপটি ডাউনলোড করুন।
http://d.kingoapp.com/default/KingoRoot.apk

মনে রাখবেন রুট করার আগে প্রথমে ডাটা চালু করতে হবে ।

যদি ইনস্টল করার সময় অপশন ব্লক করা থাকে তাহলে নিচের ছবি গুলোর নাম্বার অনুযায়ী ক্লিক করুন।



ইনস্টল হওয়ার পর এ্যাপটি অপেন করলে কিছুক্ষনের মধ্যে আপনার মোবাইলটি স্ক্যান হবে এবং নিচের চিত্রটি শো করবে। রুট করার জন্য অবশ্যই আপনার মোবাইলের ইন্টারনেট একটিভ করে রাখবেন।



এখানের নীল রংয়ের Try it বাটনে ক্লিক করলে ফোনের রুট Status Verify শুরু করবে।



উপরের চিত্রে দেখুন Root Status Verify করছে।

উপরের চিত্রের নীল কালারের Start Root বাটনে ক্লিক করলে আপনার মোবাইল রুট হওয়া শুরু করবে।

উপরের চিত্রটিতে ১০০% না হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে। এটি কমপ্লিট হতে ২/৩ মিনিট সময় নিতে পারে। ১০০% হয়ে গেলে নিচের চিত্রেরমত Success ম্যাসেজ শো করবে।



এখন আপনার মোবাইলটি Restart করুন।

এরপর শুধু KingUser টি রেখে বাকী সব Extra এ্যাপ Uninstall করতে পারেন।

দ্বিতীয় পদ্ধতী - **Framaroot** এর মাধ্যমে রুট করা ঃ

এটি "আল্লাজেইন" নামক একজন এন্ড্রয়েড ডেভেলপার তৈরী করেছেন, যিনি XDA Forums এর একজন জনপ্রিয় এন্ড্রয়েড ডেভেলপার। এই এ্যাপটির মাধ্যমে এন্ড্রয়েড এর ২.০০ থেকে ৪.২ ভার্সন ব্যবহারকারীরা রুট করতে পারবেন। এর পরের ভার্সন ব্যবহারকারীরা এটি দিয়ে রুট করতে পারবেন না। তাই বলে হতাশ হবেন না। আমার পোষ্টটির ১ও ৩য় পদ্ধতীর মাধ্যমে যে কোন ভার্সন রুট করতে পারবেন।

প্রথমে এখান থেকে Framaroot (1.9.3 Updated) এ্যাপটি ডাউনলোড করে নেন।

http://dl-1.va.us.xda-developers.com/2/7/8/4/4/5/1/Framaroot-1.9.3.apk

তারপর মোবাইলে এ্যাপটি ইনস্টল করুন।
এরপর অপেন করে নিচের চিত্রে মত Install SuperSU সিলেক্ট করে Gandalf এ ক্লিক করুন।



এখন কিছুক্ষণ অপেক্ষা করলে নিচের চিত্রের মত ম্যাসেজ শো করবে "Success- Superuser and SU binary installed. You have to reboot your device" তার মানে হচ্ছে আপনার রুট করা হয়েগেছে এখন আপনার মোবাইল ফোনটি রিষ্টার্ট করতে হবে।



তৃতীয় পদ্ধতী - কম্পিউটারের মাধ্যমে রুট করা ঃ

আমি আগেই বলে দিয়েছি যাদের কম্পিউটার আছে তারা অবশ্যয় এই পদ্ধতিতে রুট করে নেবেন। কারণ এটি সম্পূর্ণ নিরাপদ অর্থাৎ মোবাইল ব্রিক করার কোন প্রকার ঝুকি নেই। এ পদ্ধতিতে এন্ড্রয়েড এর যে কোন ভার্সন-রুট করতে পারবেন। সর্বশেষ Android Marshmallow ভার্সন পর্যন্ত এটি অনায়াসে রুট করতে সক্ষম। প্রথমে Kingo Android Root সফটওয়ারটি আপনার কম্পিউটার ডাউনলোড করে ইনস্টল করে নিন।

http://d.kgroot.com/android_root.exe

তবে Kingo Root এর মোবাইল অ্যাপও আছে ।

http://d.kingoapp.com/default/KingoRoot.apk

ইনস্টল করার পর সফটওয়ারটি রান করলে নিচের চিত্রের মত শো করবে।



এখন পিসির সাথে মোবাইলকে কানেক্ট করার জন্য মোবাইলের Developer Options অন করে Enable USB Debugging এ ঠিক চিহ্ন দিতে হবে। এটি করার জন্য আপনার মোবাইলে Settings থেকে Developer Options যেতে হবে। নিচের চিত্রে দেখুন-



তারপর USB Cable এর মাধ্যমে আপনার মোবাইলটি কম্পিউটারের সাথে কানেক্ট করুন। কানেক্ট হওয়ার পর এটি অটোমেটিক্যালি ড্রাইভার ডাউলোড করে ইনস্টল করে নেবে। এর জন্য অবশ্যই আপনার কম্পিউটারটি ইন্টারনেট এর সাথে কানেক্টেট থাকতে হবে।

ড্রাইভার ইনস্টল হওয়ার পর মোবাইলটি কম্পিউটার থেকে ডিসকানেক্ট করে আবার কানেক্ট করলে নিচের চিত্রের মত দেখতে পাবেন।



এখন শুধু ROOT এ ক্লিক করলেই আপনার মোবাইলটি রুট হতে শুরু করবে। আপনাকে আর কিছুই করতে হবে না। নিচের চিত্রের মত রুট হওয়ার অপশন শো করতে থাকবে। (রুট হওয়ার জন্য ২-৩ মিনিট সময় নিতে পারে)



রুট কমপ্লিট হওয়ার পর নিচের চিত্রের মত সাকসেছ ম্যাসেজ শো করলে Finish Button এ ক্লিক করতে হবে।



তারপর আপনার মোবাইলটি রিস্টার্ট করুন।

এখন থেকে আপনার মোবাইলটি রুটেড ডিভাইস। রিস্টার্ট হওয়া পর মোবাইলে SuperSU নামের একটি এ্যাপ দেখতে পাবেন। এটি হচ্ছে আপনার রুট এ্যাপ/ইউজার। আশা করি সবাই বুঝতে পারবেন। তারপরও যদি কারও বুঝতে অসুবিধা হয় কিংবা কোন প্রকার সমস্যা হয় তাহলে কমেন্ট করে জানাতে পারেন। আপনাদের সমস্যা সমাধানের জন্য চেষ্টা করবো, ইনশাআল্লাহ।